গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা
www.plandiv.gov.bd

## ২০২১-২২ অর্থবছরের ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | : | ০৩/০৪/২০২২ |
| সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| স্থান | : | সম্মেলন কক্ষ (ভবন-১০, কক্ষ-০৪), পরিকল্পনা বিভাগ |
| সভাপতি | : | মো: দেলোয়ার হোসেন<br>অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা |

*সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'*

সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (এপিএ) সভাকে জানান যে, চলতি ২০২১-২২ অর্থবছরে পরিকল্পনা বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ২টি কার্যক্রমের আওতায় ১৩টি কর্মসম্পাদন সূচক রয়েছে। ইনোভেশন টিমের ২য় সভা গত ০১/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। চলতি অর্থবছরে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজিকরণ, ডিজিটালাইজেশন ধারণা বাস্তবায়নে তিনটি পৃথক আইডিয়া গ্রহণ করা হয়েছে। অন্যান্য কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়ন কার্যক্রম চলমান। আওতাধীন দপ্তর/সংস্থার ত্রৈমাসিক উদ্ভাবন বাস্তাবায়ন প্রতিবেদন প্রেরণ করেছে।

২.০০ বিগত ০১/১২/২০২১ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন টিমের ২য় সভার কার্যবিবরণী সভায় অনুমোদিত হয়।

৩.০০ বিগত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি:

| বিগত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|
| (ক) চলতি অর্থবছরে গৃহীত ডিজিটাল আইডিয়ার অগ্রগতি সম্পর্কে সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল) আগামী ৯/১২/২০২১ তারিখের মধ্যে সচিব, পরিকল্পনা বিভাগকে লিখিত আকারে অবহিত করবেন; | ৯/১২/২০২১ তারিখের পত্রে অবহিত করা হয়েছে। |
| (খ) গাড়ী অধিযাচন ও বৈদেশিক প্রশিক্ষণে সমতা নিশ্চিতকরণ বিষয়ক সফটওয়্যার সম্পর্কে বিস্তারিত জানানোর জন্য আইডিয়া প্রদানকারী কর্মকর্তাকে পত্র প্রদান করতে হবে; | এ বিষয়ে আইডিয়া প্রদানকারী কর্মকর্তাকে পত্র প্রদান করা হয়েছে। |
| (গ) ৪র্থ শিল্পবিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে কর্মকর্তাগণকে অবহিতকরণের লক্ষ্যে ডিসেম্বর/২০২১ মাসে অন্তত ২টি কর্মশালা আয়োজন করতে হবে; | এ বিষয়ে ৪টি কর্মশালা সমাপ্ত হয়েছে। |
| (ঘ) পরিকল্পনা বিভাগের তথ্য বাতায়নের সকল সেবা বক্স হালনাগাদ করে আইসিটি সেল কর্তৃক সচিব, পরিকল্পনা বিভাগকে অবহিত করতে হবে; | হালনাগাদ করা হয়েছে। |
| (ঙ) সচিব পরিকল্পনা বিভাগ যে সকল সভা/সেমিনার/কর্মশালায় অংশগ্রহণ করেন সেগুলোর তথ্যসহ ছবি তথ্য বাতায়নে আইসিটি সেল কর্তৃক আপলোড করতে হবে; | নিয়মিত তথ্যসমূহ আপলোড করা হচ্ছে। |
| (চ) পিটি শাখার মাধ্যমে আয়োজিত উদ্ভাবন সংশ্লিষ্ট প্রশিক্ষণে ব্যয়িত অর্থ উদ্ভাবন খাত থেকে সমন্বয় করে ই-গভর্ন্যান্স ও ইনোভেশন কর্মপরিকল্পনার প্রমাণক হিসেবে উল্লেখ করতে হবে; | সংশ্লিষ্ট শাখাকে অবহিত করা হয়েছে। |
| (ছ) দেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের নিমিত্ত একটি কর্মপরিকল্পনা ডিসেম্বর/২০২১ মাসের মধ্যে প্রণয়নপূর্বক পরিদর্শনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে; | গত ১০/০২/২০২২তারিখে দেশে বাস্তবায়িত একটি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শন করা হয়েছে। |
| (জ) পরিকল্পনা কমিশন চত্বরের সকল ভবনের ছাদ গঠিত কমিটি কর্তৃক পরিদর্শনপূর্বক একটি প্রতিবেদন দাখিল করতে হবে; | কমিটি ভবনের ছাদসমূহ পরিদর্শন করেছে। |
| (ঝ) জরুরি ভিত্তিতে অকেজো গাড়ি ও মালামাল বিধি মোতাবেক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এ বিষয়ে সংশ্লিষ্ট শাখা প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করেছে। |

৪.০০ ইনোভেশন টিমের ৩/০৪/২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় ৩য় ত্রৈমাসিক মূল্যায়ন সংক্রান্ত পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় জানানহয় যে, উদ্ভাবনী ধারণা ও সহজিকৃত সেবা ২টির অফিস আদেশ যথাক্রমে ২৪ ফেব্রুয়ারি/২০২২ এবং ১৪ মার্চ ২০২২২ তারিখে জারী করা হয়েছে। এছাড়া কর্মসম্পাদন সূচক ১.৩.১ অনুযায়ী একটি ডিজিটাল সেবা চালু করার নিমিত্ত ২৮/১২/২১ তারিখে অফিস আদেশ জারী করা হয়েছে এবং পরিকল্পনা বিভাগের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ই-ফাইলে নথি নিষ্পত্তির বিষয়টি উদ্ভাবন কর্মপরিকল্পনার নির্দেশিকা মোতাবেক নির্ধারিত ছকে তথ্য প্রদানের জন্য পত্র প্রদান করা হয়েছে। ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে ৪টি কর্মশালা আয়োজন করা হয়েছে। তথ্য বাতায়নের সেবা বক্স হালনাগাদ করা হয়েছে। কর্মসম্পাদন সূচক ২.২.৫ অনুযায়ী দেশে বাস্তবায়িত একটি উদ্যোগ ১০/০২/২০২২ তারিখে পরিদর্শন করা হয়েছে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৫.০০ আওতাধীন দপ্তর/সংস্থা (বিআইডিএস ও এনএপিডি) এর বাস্তবায়ন অগ্রগতি:

(ক) বিআইডিএস ২০২১-২২ অর্থবছরের ৩য় ত্রৈমাসিক (মার্চ/২০২২) পর্যন্ত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় সর্বমোট ১৩(তেরো) টি কর্মসম্পাদন সূচকের মধ্যে ০৪টি পূর্ণ বাস্তবায়ন করেছে। ই-ফাইলে নোট নিষ্পত্তি ৪৯%। ৪র্থ শিল্প বিপ্লব সংক্রান্ত ০২টি কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। সেবা বক্স হালনাগাদ, বিভিন্ন প্রকাশনা তথ্য বাতায়নে প্রকাশ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সভা লক্ষ্যমাত্রা ০৪টি'র স্থালে ০৩টি করে অনুষ্ঠিত হয়েছে। দেশে/বিদেশে ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের বিষয়টি প্রক্রিয়াধীন।

(খ) জাতীয় পরিকল্পনা উন্নয়ন একাডেমির (এনএপিডি) ১৩টি উদ্ভাবন কর্মপরিকল্পনা রয়েছে। এর মধ্যে ০৬টি পূর্ণ বাস্তবায়ন হয়েছে। অন্যান্য কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা ত্রৈমাসিক ভিত্তিতে অর্জিত হয়েছে।

৬.০০ বিস্তারিত আলোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) নির্ধারিত সময়ের মধ্যে ৩য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) বিআইডিএস-এর অনগ্রসর সূচকসমূহ বাস্তবায়নের তাদিগ দিতে হবে।

৭.০০। অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/=
০৭/০৪/২০২২
(মো: দেলোয়ার হোসেন)
অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ)
পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৪৬.০০১.২১-৫৭৫

তারিখঃ ২৪ চৈত্র ১৪২৮ / ০৭ এপ্রিল ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা
২. যুগ্মসচিব, (প্রশাসন/পিটিসি) পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা
৫. উপসচিব (এসএসআরসি/পিটি/সাধারণ-১/২/এপিএ), পরিকল্পনা বিভাগ, ঢাকা
৬. উপসচিব/উপপ্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৮. সিনিয়র সহকারী প্রধান, সমন্বয় (জিইডি/কার্যক্রম), পরিকল্পনা কমিশন, ঢাকা
৯. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
১০. পরিচালক (প্র: ও অ:), এনএপিডি, নীলক্ষেত, ঢাকা **(নিজ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
১১. সচিব, বিআইডিএস, আগারগাঁও, ঢাকা **(নিজ ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**

অনুলিপি অবগতি ও কার্যার্থে:

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা
২. প্রোগ্রামার, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**
২. অতিরিক্ত সচিব (বাজেট ও এপিএ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা
৩. সংশ্লিষ্ট নথি

07/4/2022

(মোঃ রফিকুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪৮১১২০৫৮
ro.pms@plandiv.gov.bd